



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়

Centre for Environment & Climate Change Research (CECCR) Project

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.ceccr.gov.bd

স্মারক নং- CECCR Project / প্রশাসনিক/০০৪/২০১৮/ ৬০২

তারিখঃ ২৫/০৭/২০২২খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীন Centre for Environment & Climate Change Research (CECCR) শীর্ষক প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য সর্বসাকুল্য বেতনে (চুক্তিভিত্তিক) নিম্নোক্ত পদে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সহকারী প্রোগ্রামার ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে)	০১টি	ক) কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতক ডিগ্রী।
	মোট	০১টি	

শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত “ছক” পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ১৮/০৮/২০২২ তারিখ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, Centre for Environment & Climate Change Research (CECCR) Project, পরিবেশ ভবন, কক্ষ নং-৪১২ (৪র্থ তলা), ই-১৬, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ ঠিকানায় অবশ্যই প্রাপ্তি স্বীকারপত্রসহ রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে। প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপরের বামপার্শ্বে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- সর্বসাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত ১৮/০৮/২০২২ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৪৫ বছর।
- সর্বসাকুল্য বেতনে নিয়োগকৃত জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।
- Project Director, Centre for Environment & Climate Change Research (CECCR) Project -এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক থেকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৮১৮১২৯৫